

৯৬ হাজার অবৈধ কর্মীকে বৈধতা দেবে ওমান : প্রতিমন্ত্রী

- A Monitor Desk Report

Date: 11 June, 2024



ঢাকাঃ ৯৬ হাজার অবৈধ বাংলাদেশী কর্মীকে বৈধতা দেয়ার আশ্বাস দিয়েছে ওমান সরকার। একইসঙ্গে দেশটি বাংলাদেশ থেকে ১২ ক্যাটাগরিতে লোক নেয়ারও আশ্বাস দিয়েছে।

মঙ্গলবার (১১ জুন) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী সাংবাদিকের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান।

সম্প্রতি শ্রমবাজার ইস্যুতে দুবাই, ওমান ও কাতার সফর করেন প্রতিমন্ত্রী। ওমান সফরের প্রসঙ্গে টেনে তিনি বলেন, ওমানে ৯৬ হাজার কর্মী অবৈধভাবে বসবাস করছেন। তাদের বৈধ করার আশ্বাস দিয়েছে ওমান সরকার। এই বৈধকরণে জন্য একটি জরিমানা নেয়া হয়। এই জরিমানা মওকুফ করার জন্য আমরা ওমান সরকারের প্রতি অনুরোধ জানিয়েছি।

ওমান বাংলাদেশ থেকে ১২ ক্যাটাগরিতে লোক নেয়ার আশ্বাস দিয়েছে জানিয়ে শফিকুর রহমান বলেন, ওমান বাংলাদেশ থেকে ১২ ক্যাটাগরিতে লোক নেওয়ার আশ্বাস দিয়েছে। তারা দক্ষ কর্মী নিতে চায়। আমরা এ বিষয় আলোচনা করেছি। দক্ষ কর্মী যাওয়া শুরু করলে অদক্ষ কর্মীও যাওয়া শুরু করবে। পর্যায়ক্রমে সে ব্যবস্থা হবে।

সংযুক্ত আরব আমিরাতের শ্রমবাজার নিয়ে প্রতিমন্ত্রী জানান, দুবাই শ্রমবাজার আরো গতিশীল ও বৃদ্ধি করার লক্ষ্যে দুবাইয়ের ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক হয়েছে। দুবাই থেকে ইতিমধ্যে ৩ হাজার কর্মীর চাহিদা এসেছে। এর মধ্যে চারশ কর্মী চলে গেছে। পঁচশ কর্মীর যাওয়ার অপেক্ষায়।

-B

